OATH শুনানি কেন্দ্রসমূহ

দোভাষী পরিষেবাসমূহ বিনামূল্যে দেওয়া হয়, 250টার বেশী সংখ্যক ভাষায়। যেসব ভাষার পরিষেবা পাওয়া যায় তার একটা তালিকা নীচে দেওয়া হল:

عربي	Монгол
বাংলা	Polski
廣東話	Português
Deutsch	ਪੰਜਾਬੀ
Español	Русский
فارسي	Română
Français	Shqip
Ελληνικά	Tagalog
Kreyól	Tiếng Việt
ב ית	Türkçe
हिंदीia	Wolof
Ital no	Українська
日本語	اردو
한국어	ייִדיש
國語	

সন্তোষজনক থাকার জায়গা: আপনার যদি কোনো রকমের অক্ষমতা থেকে থাকে এবং কোনো সন্তোষজনক থাকার ব্যবস্থা দরকার হয়, তাহলে 1-844-628-4692 এই নম্বরে ফোন করুন।

যদি আমি OATH এর সিদ্ধান্তের সাথে অসম্মত হই, তাহলে আমি কী করব?

- আপনি একটা আপীলকরতে পারেন। কীভাবে আপীলকরতে হবে সে সংক্রান্ত নির্দেশিকা nyc.gov/oath ওয়েবসাইট অনুসারে মেনে চলুন অথবা আপনার শুনানির সিদ্ধান্তের পেছনের পাতায় দেওয়া নির্দেশিকাটি পালন করুন।

আপনি আপীলকরতে পারবেন না যদি আপনি অভিযোগ মেনে নিয়ে থাকেন, কোনো মীমাংসা/সালিশি মেনে নেন, অথবা আপনার শুনানির জন্য উপস্থিত না হয়ে থাকেন।

Bronx

3030 Third Avenue
Bronx, NY 10455
সোমবার – বৃহস্পতিবার
(সকাল 8:00টা – বিকেল 5:00টা)

Brooklyn

9 Bond Street, 6th & 7th Floor
Brooklyn, NY 11201
সোমবার – শুক্রবার
(সকাল 8:00টা – বিকেল 5:00টা)

Manhattan

66 John Street, 10th & 11th Floor
New York, NY 10038
সোমবার – শুক্রবার
(সকাল 8:00টা – বিকেল 5:00টা)

Staten Island

350 Marks Place, Main Floor
Staten Island, NY 10301
মঙ্গলবার
(সকাল 8:00টা – বিকেল 4:00টা)

Queens

গাড়ি ভাড়া করা এবং স্বাস্থ্য/রেস্তোরাঁ সংক্রান্ত মামলাসমূহ:
31-00 47th Avenue, 3rd Floor
Long Island City, NY 11101
সোমবার – শুক্রবার
(সকাল 8:00টা – বিকেল 5:00টা)

অন্য সমস্ত মামলা:
144-06 94th Avenue, Main Floor
Jamaica, NY 11435
সোমবার – শুক্রবার
(সকাল 8:00টা – বিকেল 5:00টা)

1-844-OATH-NYC
(1-844-628-4692)

OATH
OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS
Hearings Division

OATH Hearings Division কী?

NYC Office of Administrative Trials and Hearings (OATH) হল একটা স্বাধীন প্রশাসনিক আইন বিষয়ক আদালত যেটা বিচার করা এবং শুনানি করার জন্য দায়িত্ব প্রাপ্ত যে মামলাগুলি তাঁদের কাছে নিউ ইয়র্ক সিটি-র এজেন্সি, বোর্ড অথবা কমিশনগুলি নিয়ে আসে।

কথিত আইন লঙ্ঘনের অভিযোগ সম্পর্কে OATH Hearings Division শুনানি পরিচালনা করে যেগুলি সিটির বিভিন্ন কার্যপালিকা এজেন্সিগুলি, যেমন গৃহ নির্মাণ, পরিচ্ছন্নতা বিধান, স্বাস্থ্যরক্ষা বিভাগসমূহ, গ্রাহক সুরক্ষা সমস্যা এবং ট্যাক্সি ও লিমুজিন কমিশন তাঁদের কাছে উপস্থাপন করে।

আমি কেন একটা সমন বা বিজ্ঞপ্তি পেলাম?

আপনার সমন বা বিজ্ঞপ্তি জারি করেছে NYC-র কোনো এজেন্সি যারা আইন প্রয়োগের জন্য দায়িত্বপ্রাপ্ত হয়েছে। OATH একটা প্রশাসনিক আদালত এবং এটা কোনো অনুসন্ধান পরিচালনা করে না বা সমন জারি করে না। আপনি কেন সমন বা বিজ্ঞপ্তিটা পেলেন সেই নিয়ে যদি আপনার কোনো প্রশ্ন থেকে থাকে, তাহলে শহরের সেই আইন প্রয়োগকারী এজেন্সিটির সাথে যোগাযোগ করুন যেটা আপনার নামে সমন বা বিজ্ঞপ্তিটা জারি করেছে।

কোনো সমন বা বিজ্ঞপ্তি পেলে আমি কী করতে পারি?

যদি আপনি কোনো সমন বা বিজ্ঞপ্তি পান তাহলে আপনি হয়তো নিম্নলিখিত কাজগুলি করতে পারবেন:

- সমন মেনে নেবেন আর জরিমানার টাকা দেবেন। বিজ্ঞপ্তি বা সমনটা পরীক্ষা করে দেখবেন যে অভিযোগটা আপনি মেনে নিতে পারেন কিনা;
- আইন প্রয়োগকারী এজেন্সির কোনো একটা মীমাংসা বা সালিশি করা প্রস্তাব দেওয়া হলে সেটা মেনে নেবেন;
- OATH এর কোনো একটা শুনানিতে অংশগ্রহণ করে অভিযোগগুলির বিরোধিতা করতে পারেন।

কোনো মীমাংসা বা সালিশি প্রস্তাব মেনে নেওয়া:

মীমাংসা বা সালিশি প্রস্তাবটি মেনে নিতে হলে আপনাকে অবশ্যই অভিযোগগুলি মেনে নিতে হবে, শুনানি করানোর জন্য আপনার যে অধিকার আছে সেটা ছেড়ে দেবেন, আইন প্রয়োগকারী এজেন্সির প্রস্তাবিত মীমাংসার পরিমাণে অর্থ জমা দেবেন এবং প্রস্তাবের শর্তগুলি মেনে চলবেন।

একটা শুনানি করিয়ে অভিযোগগুলির বিরোধিতা করবেন:

OATH আপনার জন্য সুবিধাজনক উপায় করে দিচ্ছে যেন আপনি শহরের আইন প্রয়োগকারী এজেন্সিগুলির জারি করা কথিত অভিযোগগুলির বিরোধিতা করতে পারেন যার জন্য ব্যক্তিগত ভাবে সরাসরি OATH এর শুনানি করার কেন্দ্রগুলিতে উপস্থিত *না* হলেও চলে।

পরিচ্ছন্নতা বিধান, স্বাস্থ্য ও মানসিক পরিচ্ছন্নতা, পরিবেশ রক্ষা, পরিবহন, পার্ক ও বিনোদন বিভাগগুলির জারি করা প্রায় সমস্ত ধরনের সমনের ক্ষেত্রে, পাশাপাশি গৃহ ও অগ্নি নির্বাপণ বিভাগের জারি করা কিছু কিছু সমনেরও আপনার সুবিধাজনক জায়গার থেকে শুনানি করানো যাবে যার জন্য এক বা একাধিক ধরনের শুনানির ব্যবস্থাপনা নীচে তালিকাবদ্ধ করা হয়েছে। যখন এইসব দূরের থেকে শুনানি করানোর উপায়গুলির সাহায্যে সমনের বিরোধিতা করা হবে তখন OATH **অবশ্যই** আপনার আত্মপক্ষ সমর্থনের বক্তব্য পূর্বনির্ধারিত শুনানির তারিখের *দিনে অথবা তার আগেই* গ্রহণ করবেন।

ফোনের মাধ্যমে শুনানি

(212) 436-0777

ওয়ান-ক্লিক (অনলাইন) শুনানি

www.nyc.gov/oath

চিঠির মাধ্যমে শুনানি

OATH Remote Hearings Unit
66 John Street 10th floor
New York, NY 10038

আরও জানতে হলে, ওয়েবসাইট www.nyc.gov/oath দেখুন।

যদি আপনি জরিমানা না দেন, কোনো মীমাংসা বা সালিশি মেনে না নেন, বা আপনার সমন ফোনে, অনলাইনে, বা চিঠির মাধ্যমে বিরোধিতা না করেন, তাহলে আপনাকে **অবশ্যই** শুনানির জন্য ব্যক্তিগত ভাবে উপস্থিত হতে হবে।

কোনো ব্যক্তিগত ভাবে উপস্থিত থেকে হওয়া OATH শুনানির ক্ষেত্রে আমার কী কী আশা করা উচিত?

- যদিও আপনার কোন উকিল দরকার নেই, তবে আপনি কেউকে আপনার নিজের খরচে ভাড়া করতে পারেন অথবা কাউকে আপনার হয়ে উপস্থিত থাকার জন্য আপনি অধিকার প্রদান করতে পারেন।



Agency logo here

SUMMONS • FOR CIVIL PENALTIES ONLY

SUMMONS NUMBER:

ENFORCEMENT AGENCY:

DIVISION:

AGENCY ADDRESS: Phone Number:

RESPONDENT: **DBA:**
Mailing Address: **ID NUMBER:**
TYPE OF ID AND ISSUED BY:
Cell Phone:

DATE and TIME OF OCCURRENCE: **START AND END TIMES OF INSPECTION:**

PLACE OF OCCURRENCE: **BOROUGH:**

You must respond to this Summons. You can appear at the hearing date and location below or choose another option. For other options on how to respond, see the back of this page.

HEARING DATE: August 24, 2016 **AT:** 8:30 AM
HEARING LOCATION: Office of Administrative Trials & Hearings
66 John Street, 10th Floor, New York, NY 10038 Phone: (844)628-4692

Refer to the Summons number above on all communications.

- আপনার সমনের সামনের দিকে উল্লেখিত তারিখ ও সময়ে OATH অফিসে আসুন।
- যদি তেমন কিছু থাকে, তাহলে আপনার সমর্থনে কোনো নথিপত্র, ফটো, এবং সাক্ষীরা থাকলে তাঁদের নিয়ে আসুন।
- যখন আপনি উপস্থিত হবেন, স্বাক্ষর করুন এবং আপনার শুনানি গ্রহণকারী অফিসার আপনার মামলাটা ডাকা পর্যন্ত অপেক্ষা করুন।
- শুনানি হবে একজন শুনানি গ্রহণকারী অফিসারের সামনে একটা শুনানি গ্রহণ করার ঘরে।
- শুনানি গ্রহণকারী অফিসারটি আপনাকে দিয়ে শপথ গ্রহণ করাবেন এবং আপনার সাক্ষ্য ও প্রমাণ গ্রহণ করবেন। সমস্ত শুনানি শ্রুতিগ্রাহ্য ভাবে রেকর্ড করা হবে।
- শুনানি গ্রহণকারী অফিসার আপনাকে জিজ্ঞেস করবেন যে উনি আপনার মামলার সিদ্ধান্ত তৎক্ষণাৎ দিতে পারবেন কিনা। যদি তাই হয়, আপনি শুনানি গ্রহণকারী অফিসারের সিদ্ধান্ত শোনার জন্য প্রতিক্ষালয়ে ফিরে যাবেন।
- অন্যথায়, OATH সিদ্ধান্তটা চিঠির মাধ্যমে আপনার ঠিকানায় পাঠিয়ে দেবে, যে ঠিকানাটা OATH এর এবং যে এজেন্সি আপনাকে কথিত আইন ভঙ্গের অভিযোগে অভিযুক্ত করেছে তাঁদের রেকর্ডে আছে।